গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বয়রা, খুলনা ।
www.publiclibrary.khulna.gov.bd Fax: 02477701104

## ০৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ " জাতীয় গ্রন্থাগার দিবস" উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মনিরুজ্জামান তালুকদার,জেলা প্রশাসক,খুলনা
তারিখ ও সময় : ৩০ জানুয়ারি, ২০২২ খ্রি. সকাল- ১১.০০ মি.।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভায় আলোচিতব্য বিষয়াদি উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনাকে আহবান জানান। উপপরিচালক ৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদযাপনের লক্ষ্যে ১১ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংক্রান্ত জাতীয় কমিটির সভার কার্যবিবরণী পড়ে শোনান। উক্ত কার্যবিবরণীর আলোকে বিভাগ ও জেলা পর্যায়ে গৃহিতব্য কার্যক্রম সবিস্তারে আলোকপাত করেন। বর্তমান করোনা পরিস্থিতির কারণে এ বছর র‍্যালী বাতিল করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে খুলনা জেলায় ৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| প্রতিপাদ্য বিষয় | স্বাধীনতা ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে জাতীয় কমিটি কর্তৃক এবারের জাতীয় গ্রন্থাগার দিবসের নির্ধারিত প্রতিপাদ্য 'সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার, ডিজিটাল গ্রন্থাগার'। | জাতীয় কমিটি কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্য লেগোসহ 'সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার, ডিজিটাল গ্রন্থাগার' শ্লোগানটি ব্যানার আকারে তৈরি করে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার খুলনায় প্রদর্শনের সিদ্ধান্ত হয়। স্লোগানটি জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ এর যাবতীয় চিঠিপত্র/আমন্ত্রণ পত্রে ব্যবহার করতে হবে। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা। |
| প্রচারণা | গ্রন্থ এবং গ্রন্থাগারের বহুল ব্যবহারে দিবসটির তাৎপর্য তুলে ধরে ব্যাপক প্রচারণার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | গ্রন্থ এবং গ্রন্থাগারের বহুল ব্যবহারে দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ বেতার খুলনা এবং প্রাসঙ্গিক বিভিন্ন শ্লোগান ও ব্যানারসহ তথ্য অফিস কর্তৃক এবং দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্পের গাড়িতে খুলনা শহরব্যাপী প্রচার করতে হবে। | বাংলাদেশ বেতার, খুলনা<br>বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা ও দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি প্রকল্প, খুলনা |
| রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ বহুল প্রচার উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | খুলনা শহরের অবস্থিত সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে ২টি গ্রুপে রচনা প্রতিযোগিতা (ক গ্রুপ: ষষ্ঠ-অস্টম শ্রেণি, খ গ্রুপ: নবম-দ্বাদশ শ্রেণি) বিষয়- 'জ্ঞানভিত্তিক সমাজ গঠনে ডিজিটাল গ্রন্থাগারের ভূমিকা'। ২টি গ্রুপে চিত্রাংকন প্রতিযোগিতা (ক গ্রুপ: দ্বিতীয়-পঞ্চম শ্রেণি, খ গ্রুপ: ষষ্ঠ-অষ্টম শ্রেণি) বিষয়-'ভাষা আন্দোলন' আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যায়ন/ পরিচয়পত্রসহ স্বহস্তে লিখিত রচনা ও অংকিত চিত্র আগামী ০৩.০২.২০২২খ্রি. তারিখ বিকাল ৫.৩০মি. এর মধ্যে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (পাবলিক লাইব্রেরি), বয়রা, খুলনাতে জমা দেওয়া যাবে। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা, জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খুলনা। |
| রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার খাতা মূল্যায়ন | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা মূল্যায়ন সংক্রান্ত আলোচনা হয়। | জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা মূল্যায়নের জন্য নিম্নলিখিত কমিটি গঠন করা হলো:-<br>রচনা:<br>ক) জনাব শংকর কুমার মল্লিক, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, সরকারি বিএল কলেজ, খুলনা- আহবায়ক।<br>খ) ড. মো: আহছান উল্যাহ, উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা-সদস্য<br>গ) জনাব বিকাশ কুমার রায়, সহ. অধ্যাপক, সরকারি মহিলা কলেজ, খুলনা- সদস্য।<br>চিত্রাংকন:<br>ক) জনাব মো: আবুল আলম, শিশু বিষয়ক কর্মকর্তা, খুলনা- আহবায়ক। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিচারকগণ, খুলনা। |

| | | | |
|---|---|---|---|
| | | খ) জনাব মিঠুন চন্দ্র মন্ডল, শিক্ষক, চারু ও কারুকলা, খুলনা- সদস্য<br>গ) জনাব দেবাশীষ সরদার, সহকারী শিক্ষক, চারু ও কারুকলা, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, খুলনা- সদস্য | |
| আলোচনা অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ বিতরণ | করোনাকালীন র‍্যালী বাতিল হওয়ায় দিবসটির প্রতিপাদ্য অনুযায়ী আলোচনা অনুষ্ঠান আয়োজন ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) ০৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের সেমিনার কক্ষে নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে দিবসটির প্রতিপাদ্য অনুযায়ী আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বিশিষ্ট শিক্ষাবিদ ও সাবেক অধ্যক্ষ, প্রফেসর জাফর ইমাম-কে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত হয়।<br><br>২) গ্রন্থাগার পেশাজীবি এবং জেলার উল্লেখযোগ্য বেসরকারি গণগ্রন্থাগারের সংগঠকগণকে আলোচনা অনুষ্ঠানে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>৩) নবীন প্রজন্মকে বিশেষ করে স্কুল কলেজের ছাত্রছাত্রীদের গ্রন্থ ও গ্রন্থাগার ব্যবহারে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অধিক সংখ্যক অংশগ্রহণ এবং ছাত্রছাত্রীদের আলোচনা অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা উদ্যোগ গ্রহণ করবেন।<br><br>৪) আলোচনা অনুষ্ঠান শেষে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উপলক্ষ্যে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা কর্তৃক আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করতে হবে। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।<br><br>সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি, খুলনা।<br><br>জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা<br><br>বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: মনিরুজ্জামান তালুকদার
জেলা প্রশাসক, খুলনা
ও
আহবায়ক, জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উদযাপন কমিটি, খুলনা।

নং- ৪৩.২৬.৪৭০০.০০১.২৩.০৯৪.২০.     তারিখঃ ............................ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, খুলনা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
৩। পুলিশ সুপার, খুলনা।
৪। অধ্যক্ষ, সরকারি বি.এল কলেজ, খুলনা।
৫। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, খুলনা।
৬। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, খুলনা।
৭। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, খুলনা।
৮। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।
১০। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খুলনা।
১১। জেলা কালচারাল অফিসার, খুলনা।
১২। প্রধান শিক্ষক, জিলা স্কুল, খুলনা।
১৩। প্রধান শিক্ষক, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা।
১৪। জেলা প্রতিনিধি, ব্র্যাক, খুলনা।
১৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি, খুলনা।
১৬। সাধারণ সম্পাদক, উমেষচন্দ্র পাবলিক লাইব্রেরি, খুলনা।
১৭। সাধারণ সম্পাদক, অবকাশ গণগ্রন্থাগার, খালিশপুর, খুলনা।

ড. মো: আহছান উল্যাহ
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা। ও